মহানবী (সাঃ) এর ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ফ্রান্সে মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) এর ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ৯টার দিকে দর্শনা থানা উলামা পরিষদ ও দর্শনা পৌর ইমাম সমিতির উদ্যোগে এই বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন উলামা পরিষদের সভাপতি মুফতি মাওলানা গোলাম কিবরিয়া। সমাবেশে বক্তারা ফ্রান্সের সকল পণ্য বর্জন ও আমদানী বন্ধ রাখতে এবং সংসদে ব্লাশ ফেমী আইন পাশের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওঃ কাজী রফিক আহমেদ, মাওঃ আব্দুল মালেক, মাওঃ ওসমানগনি, মুফতি জুনায়েদ, মাওঃ আব্দুল খালেক, মুফতি আব্দুর রাজ্জাক, মাওঃ মইনুল ইসলাম, মুফতি আনোয়ার হোসেন, মাওঃ জাকির হোসেন, মাওঃ আলী আহমদ, মাওঃ ওয়াককাস, মুফতি আবুল বাশার, মুফতি হাবিবুর রহমান, মাওঃ মুস্তাফিজুর রহমান, মাওঃ আকরাম হোসেন, মাওঃ আব্দুর রাজ্জাক, মাওঃ রফিকুল ইসলাম, মাওঃ সিরাজুল ইসলাম, হাফেজ মানিক কারী কামরুজ্জামান, মুফতি হামিদুল ইসলাম প্রমুখ। সমাবেশটি পরিচালনা করেন দর্শনা পৌর ইমাম সমিতির সাধারণ সম্পাদক মনজুর আহমেদ।

দর্শনা কেন্দ্রীয় শহিদ মিনারে সমাবেশ শেষে এক বিক্ষোভ মিছিল নিয়ে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক গুলো প্রদক্ষিণ করে দর্শনা বাসস্ট্যান্ডে এসে মিছিলটি শেষ হয়।

আলমডাঙ্গার নারী উদ্যোক্তা লামইয়া’র স্বাবলম্বী হয়ে ওঠার অসাধারণ গল্প

কলেজ ক্যাম্পাসে আড্ডায় আড্ডায় বান্ধবীরা হতাশা ব্যক্ত করে বলত, “ধুর পড়ে কি হবে চাকরিই যদি না হয়?”

লামইয়া শিল্পপতির মেয়ের মত ভঙ্গি করে বলত, “যা আমি তোদের চাকরি দিয়ে দেবো।”

লামইয়া কোন শিল্পপতির মেয়ে না, সে একজন ব্যাংকারের মেয়ে। ব্যাংকে রাখা পরের টাকা হাত ঘুরিয়ে ঘুরিয়ে কিভাবে টাকায় টাকা আনতে হয় তা বাবার কাছ থেকে শিখে নিয়েছিল লামইয়া। ইচ্ছে ছিল বড় ব্যবসায়ী হবে সে, বড় একটা অফিস থাকবে তার কিন্তু স্বপ্ন অঙ্কুরে থাকতেই অনার্স পড়ুয়া অবস্থায় চুয়াডাঙ্গার জোয়ার্দ্দার বাড়িতে বিয়ে হয়ে যায় তার।

বিয়ের পর কিছুদিন যেতে না যেতেই লামইয়া খেয়াল করে তার অন্তরে সুপ্ত সেই ব্যবসায়ী হওয়ার স্বপ্ন বিকোশিত হচ্ছে। সে তার ইচ্ছার কথা স্বামী-শ্বশুরকে জানায়। লামইয়া মোট ৫ হাজার টাকা নিয়ে ব্যবসায় নেমে পড়ে।

প্রথমে সে মেয়েদের থ্রী-পিচে অসাধারণ হাতের কারুকাজ দিয়ে পোষাককে মনোহারি করে তুলতে থাকে। চোখে পড়লেই তা পছন্দ হতে থাকে যে কোন মেয়ের। চেনা-জানা মহল থেকে অর্ডার পেতে থাকে প্রচুর। সুলভমূল্যে বিক্রি হতে থাকে তার থ্রী-পিচ। কয়েক মাস এভাবে চলার পর লামইয়ার হাতে অনেক টাকা আসতে থাকে।

এরপর সে একের পর এক ব্যবসার পরিসর বাড়ায়। ব্যবসায় যোগ করে দৃষ্টিনন্দন বিছানার চাদর, সিলেট ও রাঙামাটির আদিবাসীদের অসাধারণ পোষাক এবং মনিপুরি শালের বিশাল সমাহার গড়ে তোলে বাড়িতে।

এছাড়াও গ্রাহকদের চাহিদা পূরণে সরবারহ করছে গাওয়া ঘি, মেহেরপুরের ঐতিহ্যবাহী মিষ্টি সাবিত্রী, রসকদম্ব, পাহাড়িদের শক্তিময় খাবার কাজু বাদাম ও কাঠ বাদাম। তার রয়েছে অনলাইনভিত্তিক পেইজ ‘সম্পূর্ণা’। অর্ডার দিতেই নির্দিষ্ট সময়ের মধ্যেই গ্রাহকের

দরজায় পৌঁছে দিচ্ছে চাহিদামত সকল পণ্য।

লামইয়া তার কলেজ বান্ধবীদের হয়ত চাকরি দিতে পারেনি কিন্তু তার ‘সম্পূর্ণা’কে ঘিরে বেশ কয়েকজন মানুষ নিরলস কাজ করছে। লামইয়া এখনও স্বপ্ন দেখে তার একটা কোম্পানী হবে, যেখানে অনেক মানুষের কর্মসংস্থান হবে ।

লামইয়া বলেন, শুরুটা ছোটই ছিল কিন্তু এখন স্বপ্নের সাথে সাথে ব্যবসাও অনেক বড় হয়েছে। আমার পণ্য এখন কুরিয়ারে দেশের বিভিন্ন প্রান্তে যাচ্ছে। আরও অনেক নতুন পরিকল্পনা আছে সেগুলো ক্রমান্বয়ে বাস্তবায়ন হবে ইনশাল্লাহ।

ঝিনাইদহে মাস্ক বিহীন চলাচল করায় ১১ জনের জরিমানা

ঝিনাইদহ শহরের পোষ্ট অফিস মোড়ে অভিযান চালিয়ে মাস্ক বিহীন চলাফেরা করার অপরাধে ১১ জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইরফানুল হক এ অভিযান পরিচালনা করেন। এসময় তিনি সরকারি দন্ডবিধি অনুযায়ী যারা মাস্ক বিহীন চলাচল করছিলেন এমন ১১ জনের কাছে থেকে ২০০ টাকা করে জরিমানা আদায় করেন এবং প্রত্যেককে মাস্ক ব্যবহার করার জন্য সতর্ক করে দেন।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়েছে। না পরলে দণ্ডবিধি অনুয়ায়ী অপরাধ হিসেবে দোষী সাব্যস্ত করে জরিমানার বিধান করা হয়েছে। এছাড়াও সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা “নো মাস্ক, নো সার্ভিস” এর ঘোষনা দিয়েছেন।

দর্শনায় কোরআন তেলওয়াত প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী

দর্শনায় কোরআন তেলওয়াত প্রতিযোতিা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান পরিবেশি হয়েছে। আল কারিম কুরআনের আলো আয়োজিত ও হাফেজ তরিকুল ইসলামের সহযোগিতায় শ্যামপুর দক্ষিণ পাড়া জামে মসজিদে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

কোরআন তেলওয়াত অনুষ্ঠানে দর্শনা পৌর ও হাউলী ইউনিয়নের ১০টি মাদ্রাসার ৭০জন হাফেজ অংশ গ্রহণ করেন। এ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন হাফেজ আব্দুর রাজ্জাক (করিমপুর মাদ্রাসা) , ২য় স্থানে হাফেজ জিহোদ আলী (রুদ্রনগর মাদ্রাসা), ও ৩য় স্থান অধিকার করেন হাফেজ আব্দুল্লাহ আল সাফি (দর্শনা ডিএস মাদ্রাসা)।

অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা নব-গঠিত থানার অফিসার্স ইনচার্জ মাহব্বুর রহমান আরো তিন জন হাফেজকে নিজ উদ্যোগে পুরষ্কার প্রদান করার প্রতিশ্রুতি দেন।

এদের মধ্যে রয়েছেন ৪র্থ হাফেজ সাকিল আনোয়ার (কেরুজ মাদ্রাসা), ৫ম হাফেজ সাব্বির হোসেন (করিম পুর মাদ্রাসা) ও ৬ষ্ঠ স্থান অধিকার করেন হাফেজ রাজিব আহমেদ (রুদ্রনগর মাদ্রাসা)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন ও সাবেক সভাপতি এবং মাইটিভি জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল।

প্রশিক্ষক হিসেবে ছিলেন, একই নামের দুইজন হাফেজ ওমর ফারুক ও হাফেজ ওমর ফারুক। অনুষ্ঠান পরিচালনা করেন সাব্বির আহমেদ।

সার্বিক ভাবে এ অনুষ্ঠানে সহযোগিতা করেন, গোলম কিবরিয়া, শফিকুল ইসলাম যুদ্ধ, রবি বিশ্বাস, রায়হান, সুরুজ, সালমান, লিটন ও সাব্বির।

বাড়ির আঙিনায় গড়ে উঠবে সবজি বাগান

করোনা সহিষ্ণু গ্রাম গড়ে তোলার লক্ষে প্রান্তিক জনগণের পুষ্টির যোগান নিশ্চিত কল্পে মেহেরপুরের গাংনী উপজেলার ৯০ টি গ্রামের তিন হাজার নারী ও পুরুষ কৃষকের মাঝে উন্নতমানের বিভিন্ন সবজি বীজ বিতরণ করেছে দি হাঙ্গার প্রজেক্ট- বাংলাদেশ।

করোনাকালিন অর্থনৈতিক মন্দা এবং সবজির দাম উর্দ্ধগতির ফলে প্রান্তিক মানুষজন তাদের প্রয়োজনীয় সবজির চাহিদা মেটাতে পারেনি। প্রান্তিক মানুষের সেই চাহিদার প্রতি খেয়াল রেখে দি হাঙ্গার প্রজেক্ট- বাংলাদেশ বিতরণ করেছে এসব সবজির বীজ।

এর আগে উপজেলার বিভিন্ন গ্রামের ত্রিশ জন করে নারী পুরুষকে এক সাথে করে বাড়ির আঙিনায় সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।

উপজেলা কৃষি অফিসের উপ-সহকারি কৃষি কর্মকর্তা এসব নারী পুরুষদের প্রশিক্ষণ প্রদান করেন।

প্রশিক্ষিত নারী পুরুষদের মাঝে আনুষ্ঠানিক ভাবে সবজি বীজ বিতরণ করেন স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ।

মটমুড়া ইউনিয়ন পরিষদে বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দিন।

তিনি বলেছেন বাড়ির অঙিনায় পতিত জমিগুলোতে সবজি চাষের ফলে পরিবারের সবজির চাহিদা মেটাতে পারবেন, তেমনি অর্থনৈতিক ভাবেও লাভবান হবেন। তাই, বিনামূল্যে পাওয়া বীজগুলোর ঠিক ভাবে বপন করে এই প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন করবেন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী উপজেলার কো-অর্ডিনেটর হেলাল উদ্দিন জানান, বীজের পরিমাণ অনেক বেশি প্রদান করা হয়েছে। নিজের প্রয়োজন মিটিয়ে অতিরিক্ত বীজগুলো নষ্ট না করে পাশের বাড়ির লোকজনকে দিতে হবে।

বীজগুলো ঠিক ভাবে বপণ করার জন্য নারী পুরুষ কৃষককে অনুরোধ জানান এবং এগুলোর ঠিক ব্যবহার ও পরিচর্যার দেখার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ জানান।

দর্শনায় ইসলামী ব্যাংকের উপ-শাখার উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় ইসলামী ব্যাংকের উপ-শাখার উদ্বোধন হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টায় দর্শনা পুরাতন বাজার মোড়ে হাজী আব্দুর রহমানের বিল্ডিং এর দোতলায় ব্যাংকের উদ্বোধন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা কেরু এ্যান্ড কোঃ এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের সিনিয়র এক্সিকিউটিভ ভিপি ও যশোর জোনের প্রধান জনাব মাকসুদুর রহমান।

অনুষ্ঠান পরিচলনা ও শুভেচ্ছা বক্তব্য রাখেন ব্যাংকের জীবননগর এসএমই শাখার ব্যবস্থাপক ও এভিপি নজরুল ইসলাম। দর্শনা উপ-শাখার ব্যবস্থাপক আলমগীর কবির জানিয়েছেন- করোনার কারণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী সীমিত পরিসরে উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন করা হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন, ইসলামী ব্যাংকের সিনিয়র অফিসার কামরুজ্জামান।

কে হবে আমেরিকার প্রেসিডেন্ট?

আমরা জয়ের পথে রয়েছি বলে বিশ্বাস করি। সব ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত এখন আমাদের ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে – এমন মন্তব্য করেছেন ডেমোক্র্যাটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন।

তিনি আরো বলেন, সকাল নাগাদ পুরো ফলাফল চলে আসতে পারে। তবে কে বিজয়ী হবে এটা বলার দায়িত্ব আমার বা ট্রাম্পের নয়। এটা একমাত্র আমেরিকার জনগণের সিদ্ধান্ত।
এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের দামামা ছড়িয়ে পড়েছে পুরো বিশ্বে। সবার চোখে এখন যুক্তরাষ্ট্রের দিকে। এর মধ্যে ইলেক্টোরাল ভোটে ট্রাম্পের চেয়ে বেশ এগিয়ে জো বাইডেন। যদিও ইতিমধ্যে গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য ফ্লোরিডা এবং ওহাইও জিতে নিয়েছেন ট্রাম্প।

মার্কিন গণমাধ্যম বলছে, ক্যালিফোর্নিয়া, ওরেগন এবং ওয়াশিংটনে জো বাইডেন জয় ছিনিয়ে নিয়েছে ট্রাম্পের কাছ থেকে। ৪৬তম প্রেসিডেন্ট হতে হলে ২৭০টি ইলেক্টোরাল ভোটে জিতেই হবে। এখন পর্যন্ত ইলেক্টোরাল ভোটের প্রাপ্ত ফল অনুযায়ী বাইডেন পেয়েছেন ২৩৮ আর প্রতিদ্বন্দ্বী ট্রাম্প পেয়েছেন ২১৩টি ভোট।

ফলাফল অনুযায়ী, ক্যালিফোর্নিয়া, ওরেগন, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, কলোরাডো, ডেলাওয়ারে,ম্যারিল্যান্ড, ম্যাচাচুসেটস, নিউ জার্সি, নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসি, নিউ মেক্সিকো, নিউ হ্যাম্পশায়ার, রোডে আইল্যান্ডে, কানেক্টিকাট, ইলিনয়েস, মেরিল্যান্ড, মিনেসোটা, হাওয়াই, ট্রাম্পকে পেছনে ফেলে এগিয়ে আছেন বাইডেন।

অন্যদিকে, দেশটির বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হয়েছেন- ইন্ডিয়ানা, কেন্টাকি, ওকলাহোমা, টেনেসি, ওয়েস্ট ভার্জিনিয়া, আরাকানসাস, সাউথ ডাকোটা, নর্থ ডাকোটা, আলাবামা, সাউথ ক্যারোলাইনা, লুইজিয়ানা, নেব্রাসা এবং নেব্রাসার থার্ড ডিসট্রিক্ট, উটাহ, মিসৌরি, কানসাস, ওয়াইওমিং এবং মিসিসিপি।

মেহেরপুরে করিমন ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আহত ৩

মেহেরপুর সদর উপজেলা চকশ্যামনগর গ্রামের প্রধান সড়কে করিমন ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৩ জন গুরুতর আহত হয়েছে।

বুধবার সন্ধ্যায় মেহেরপুর – মুজিবনগরের প্রধান সড়কে এই দূর্ঘটনা ঘটে। আহতরা হলেন, মেহেরপুর মুজিবনগর উপজেলা শিবপুর গ্রামের হায়াত আলীর ছেলে রিপন (২৮), একই গ্রামের নুরুল ইসলামের ছেলে ডালিম (২১) এবং করিমন চালক মেহেরপুর সদরের আশরাফপুর গ্রামের সিয়ামউদ্দিনের ছেলে মনিরুল (৩৬)।

স্থানীয়রা জানায়, আহত রিপন ও ডালিম মেহেরপুর থেকে মুজিবনগরের দিকে যাচ্ছিল এবং নসিমন চালক মনিরুল ইসলাম মুজিবনগর থেকে মেহেরপুর যাচ্ছিল এ সময় চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মুখোমুখি সংঘর্ষ ঘটে । আমরা স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে পৌঁছিয়ে তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠিয়ে দেয়।

জীবননগরে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম

জীবননগরে দিনে দুপুরে বিল থেকে মাছ চুরি করার সময় দেখে ফেলায় স্কুল ছাত্রকে পিটিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে, জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের পাঁকা গ্রামের আনসার আলীর ছেলে মিন্টুর বিরুদ্ধে। গত রবিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলার পাঁকা গ্রামের বিলের কদম তলা ব্রিজের পাশে এ ঘটনা ঘটে।

আহত স্কুল ছাত্র উপজেলার আন্দুলবাড়িযা ইউনিয়নের পাঁকা গ্রামের বাবুল আক্তারের ছেলে ইমদাদুল আজিজ (৮)। পাঁকা উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শেণীর ছাত্র।

আহত স্কুল ছাত্রের মা বলেন, রবিবার সকালের দিকে ইমদাদুল পাঁকা বিলের পাশে খেলা করছিল এ সময় মিন্টু বিলের ভিতরে চুরি করে জাল পেতে মাছ ধরছিল। আর সে সময় আমার ছেলে দেখে ফেলায় তাকে মারধর করে রক্তাক্ত জখম করে। বর্তমানে তার বা চোখে আঘাত লেগে সে চোখে কিছু দেখতে পারছে না। আমার সন্তানকে যে এ ভাবে মেরেছে আমি তার শাস্তি চাই।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডাঃ পার্থ সারথি বলেন, আহত স্কুল ছাত্র ইমদাদুলের কপালে এবং একটি চোখে আঘাত লেগেছে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে আশাকরি সুস্থ হয়ে উঠবে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পাঁকা গ্রামে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনায় এখনও পর্যন্ত থানায় কোন অভিযোগ পাইনি অভিযোগ পেলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

ঝিনাইদহে ‘সংশপ্তক’ কর্তৃক ফ্রি-মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের সদর উপজেলার চন্ডিপুর জোয়ার্দার পাড়া ও লষ্কারপাড়া নূরানী মাদ্রাসা প্রাঙ্গণে বুধবার সকাল নয়টায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প সহ রক্তের গ্রুপ নির্ণয় করেন স্বেচ্ছাসেবী সংগঠন ‘সংশপ্তক’।

করোনা বিপর্যয়ের কারণে যখন প্রত্যন্ত অঞ্চলের মানুষের চিকিৎসা সেবা পেতে পড়তে হচ্ছে বিড়ম্বনায়, ঠিক সেই সময়ে বিনামূল্যে